দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUN 1994
পৃষ্ঠা ৭২ কলাম ৬

119

## ধর্মঘটী শিক্ষকগণের কুমিল্লা বোর্ড অফিস ঘেরাও

কুমিল্লা সংবাদদাতা ।। ধর্মঘটী শিক্ষকরা গতকাল শনিবার কুমিল্লা শিক্ষা বোর্ড ঘেরাও করে এবং চেয়ারম্যানের নিকট স্মারকলিপি দেয়। বোর্ড অফিসের সামনে অধ্যক্ষ আবদুর রউফের সভাপতিত্বে এক সভা হয়। ধর্মঘটী শিক্ষকরা সরকারী স্কুলের একজন শিক্ষকের নিকট হইতে এসএসসি পরীক্ষার ৫০টি বাংলা উত্তরপত্র ছিনাইয়া নেয় এবং দুইজন শিক্ষককে লাঞ্ছিত করে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে